আমাদের সময়

তারিখ ২৭ DEC 2015
পৃষ্ঠা ৭ কলাম ৪

# নবাবগঞ্জে গির্জা থেকে ৬ মাদ্রাসাছাত্র আটক

নবাবগঞ্জ প্রতিনিধি ●

ঢাকার নবাবগঞ্জ উপজেলায় বড়দিনের অনুষ্ঠান চলাকালে গির্জায় সন্দেহজনকভাবে ঘোরাফেরা করার সময় ৬ মাদ্রাসাছাত্রকে আটক করেছে র‍্যাব-১১ ও নবাবগঞ্জ থানা পুলিশ।

আটককৃতরা হলেন রাজধানীর লালবাগ এলাকার রাজশ্রীনাথ রোডের আব্দুল হাকিমের ছেলে মো. আরিফ, ওই এলাকার শহীদনগর ৫নং গলির মনিরুজ্জামানের ছেলে জাকির হোসেন, চকবাজার এলাকার শফিকুল ইসলামের ছেলে মো. মুসা, চাঁদপুর জেলার গোবিন্দরা এলাকার আব্দুল মান্নানের ছেলে সাইফুল, নরসিংদী জেলার দড়িকান্দি গ্রামের মৃত আলাউদ্দিনের ছেলে সিবগাতুল্লাহ, টাঙ্গাইল জেলার থানাপাড়া এলাকার আব্দুল বারিকের ছেলে আব্দুল হাকিম। গত ২৪ ডিসেম্বর রাত ১২টার দিকে উপজেলার হাসনাবাদ জপমালা রানির গির্জা থেকে তাদের আটক করা হয়। আটককৃতরা সবাই ঢাকার লালবাগ এলাকার একটি মাদ্রাসার ছাত্র বলে পুলিশ জানায়।

নবাবগঞ্জ থানার এসআই একেএম শামীম হাসান জানান, তারা গির্জা এলাকায় সন্দেহজনকভাবে ঘোরাফেরা করছিল।

আটককৃতদের জিজ্ঞাসাবাদে সন্দেহজনক বলে মনে হওয়ায় তাদের আটক করা হয়।